গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
ডব্লিউটিও সেল

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/ ০৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

নং-২৬.০০.০০০০.১৩৩.৯৩.০২৬.১৯-০৪ এর নির্দেশের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮' এর ক্রমিক ৩.৯ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরুপ সংশোধন করা হলো,যথা:

১.১. সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

ক. সংক্ষিপ্ত শিরোনাম :এ নীতিমালা 'জাতীয় ডিজিটাল কমার্স (সংশোধিত) নীতিমালা ২০২০' নামে অভিহিত হবে।
খ. প্রয়োগ : এটি সমগ্র বাংলাদেশে প্রয়োগ হবে।
গ. প্রবর্তন : এটি অবিলম্বে কার্যকর হবে।

৩.৬.৭. ক্রমিকের "ডিজিটাল কমার্স খাতে বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান প্রতিপালন করতে হবে; তবে বিদেশী ডিজিটাল কমার্স ইন্ডাস্ট্রি দেশীয় কোনো ইন্ডাস্ট্রির সাথে যৌথ বিনিয়োগ ব্যতীত এককভাবে ব্যবসা পরিচালনা করতে পারবে না এবং দেশীয় ডিজিটাল কমার্স ইন্ডাস্ট্রির স্বার্থসমূহকে প্রাধান্য দেয়া;" এর পরিবর্তে "ডিজিটাল কমার্স খাতে বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান প্রতিপালন করতে হবে; প্রতিস্থাপিত হবে।

৩.৯. নীতিমালা সংশোধন

'নীতিমালায় ভবিষ্যতে কোনো ধরণের সংশোধন বা পরিমার্জনের আবশ্যকতা প্রতীয়মান হলে বাণিজ্য মন্ত্রণালয় আন্ত:মন্ত্রণালয় সভার পরামর্শক্রমে তা সম্পাদন করবে' এর পরিবর্তে 'ভবিষ্যতে নীতিমালাটি সংশোধন বা পরিমার্জনের আবশ্যকতা প্রতীয়মান হলে এ বিষয়ে মন্ত্রিসভার অনুমোদন গ্রহণ করতে হবে' প্রতিস্থাপিত হবে।

৩.১১. কর্মপরিকল্পনা (পরিশিষ্ট-১) এর ক্রমিক নং ৭ বিলুপ্ত হবে।

জাতীয় ডিজিটাল কমার্স (সংশোধিত) নীতিমালা ২০২০

বাণিজ্য মন্ত্রণালয়

সূচিপত্র

প্রস্তাবনা)Preamble(..... ৪
অধ্যায়০১- ৬
নীতিমালার নাম, পরিধি ও সংজ্ঞা ৬
১.১. সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন ৬
১.২. সংজ্ঞা ৬
অধ্যায়০২- ১০
লক্ষ্য ও উদ্দেশ্য ১০
২.১. লক্ষ্য)Goal(..... ১০
২.২. উদ্দেশ্য)Objectives(..... ১০
অধ্যায়০৩- ১১
ডিজিটাল কমার্স পরিচালনা ও ব্যবস্থাপনা ১১
৩.১. ডিজিটাল কমার্স পরিচালনা পদ্ধতি ১১
৩.২. ডিজিটাল কমার্স ভোক্তা অধিকার সংরক্ষণ ও দায়বদ্ধতা নিশ্চিতকরণ ১১
৩.৩. ডিজিটাল লেনদেন ১১
৩.৪. ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরাপত্তা ১২
৩.৫. ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট সংস্থাসমূহের কার্যক্রম সমন্বয় ১২
৩.৬. আইনি কাঠামো ১৩
৩.৭. আইন প্রয়োগ পদ্ধতি ১৩
৩.৮. ডিজিটাল কমার্স প্রমোশন ১৪
৩.৯. নীতিমালা সংশোধন ১৪
৩.১০. অনুসৃত রীতি)Conventions(..... ১৪
৩.১১. কর্ম(১-পরিশিষ্ট) পরিকল্পনা- ১৪

প্রস্তাবনা (Preamble)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে সমাজের সকল শ্রেণিপেশার মানুষের জীবনমানে ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে জ্ঞানভিত্তিক ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অন্যতম রাজনৈতিক অঙ্গীকার। ২০০৮ সালে নবম জাতীয় সংসদ নির্বাচনের পূর্বে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার 'দিন বদলের সনদ'-এ ২০২১ সালের মধ্যে 'ডিজিটাল বাংলাদেশ' গড়ে তোলার ঘোষণা দেন। দূরদৃষ্টিসম্পন্ন এ রুপকল্প মানুষের চিন্তালোকে জায়গা করে নেয়। অনেক ক্ষেত্রে 'ডিজিটাল বাংলাদেশ' রূপকল্পকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'সোনার বাংলা'র পুনর্জাগরণ বলা যেতে পারে।

তথ্যপ্রযুক্তি খাত সৃষ্ট ডিজিটাল রূপান্তর চলমান বিশ্বব্যবস্থায় উন্নয়ন এবং প্রবৃদ্ধি অর্জনেরঅন্যতমপ্রধান নিয়ামক হিসেবে স্বীকৃত। আইসিটি'র ব্যাপক বিস্তৃতি বিশ্বব্যাপী নতুন আইসিটি-কেন্দ্রিক যুগের অবতারণা করেছে। 'ভিশন-২০২১:ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণ সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর নেতৃত্বাধীন সরকারের দূরদৃষ্টিসম্পন্ন একটি কার্যকরী উদ্যোগ, যার ফলশ্রুতিতে দেশের তথ্যপ্রযুক্তি অবকাঠামোর প্রভূত উন্নয়নের মাধ্যমে বিগত কয়েক বছরে ডিজিটাল তথা আইসিটি নির্ভর প্রশাসন ব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য, কৃষি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, জনসেবাসহ প্রায় সকল ক্ষেত্রে ডিজিটাল রূপান্তরের প্রক্রিয়া শুরু হয়েছে। তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট অবকাঠামোগত উন্নয়ন দেশে ডিজিটালকমার্স ব্যবস্থা প্রতিষ্ঠা ও সম্প্রসারণেরমাধ্যমে ব্যাপক জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি এবং ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার প্রেক্ষাপট তৈরি হয়েছে।

আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্য অর্থনৈতিক উন্নয়নের অন্যতম সোপান। ক্রমবিকাশমান বিশ্বায়ন প্রক্রিয়ার কারণেডিজিটালকমার্স এর পরিধি এবং জনপ্রিয়তা বিশ্বব্যাপী দিন দিন বেড়ে চলছে। ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম, মোবাইল এ্যাপস ইত্যাদি ডিজিটাল প্রযুক্তির ব্যবহার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাওয়ায় সারা বিশ্বে তথ্যপ্রযুক্তি নির্ভর ব্যবসারদ্বার উন্মোচিত হয়েছে।

ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় ডিজিটাল কমার্সের ব্যাপক ব্যবহারের সুযোগ থাকায় এ ক্ষেত্রে ব্যবসা বাণিজ্য সম্প্রসারিত হচ্ছে। তাছাড়া আন্তর্জাতিক বিশাল বাজারে প্রবেশের সুযোগ ও ক্ষেত্র সৃষ্টি, আন্তর্জাতিক মূল্য প্রক্রিয়ায় সরাসরি সম্পৃক্ততা, অভ্যন্তরীণ বাজার ব্যবস্থার উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি এবং স্বল্প খরচে লেনদেনসহ নানাবিধ সুবিধা এ প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত থাকায় দেশের শিল্প বিকাশ, রপ্তানি উন্নয়ন এবং আইসিটিসহ সংশ্লিষ্ট খাতসমূহে অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

'ডিজিটাল বাংলাদেশ'বিনির্মাণের মাধ্যমে দেশব্যাপী তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবকাঠামো তৈরি, মানবসম্পদ উন্নয়ন, ডিজিটাল সরকার প্রতিষ্ঠা এবং আইটি শিল্প বিকাশে সরকার বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে।মোবাইল প্রযুক্তি এক্ষেত্রে অন্যতম সহায়ক ভূমিকা পালন করছে। বর্তমানে সারাদেশ ৩-জি নেটওয়ার্কের আওতাভুক্ত এবং ৪-জি নেটওয়ার্ক ইতোমধ্যে চালু হয়েছে। উল্লেখ্য, সারাদেশে ইউনিয়ন ডিজিটালসেন্টার স্থাপনের মাধ্যমে আইসিটি নেটওয়ার্ক কানেক্টিভিটি এর আওতায়প্রান্তিক বৃহৎ জনগোষ্ঠীকে ই-সেবা এবং মোবাইল ব্যাংকিং এর আওতাভুক্ত করা হয়েছে। ফলে দেশে ডিজিটালকমার্স অনুকূল পরিবেশ সৃষ্টি, উদ্যোক্তা তৈরি এবং গ্রামীণ ও মফস্বল

এলাকারবৃহত্তর কর্মক্ষম জনগোষ্ঠীকে অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দেশের জাতীয় উৎপাদন বৃদ্ধিতে সহায়ক হবে।

উল্লেখ্য, UNCTADকর্তৃক প্রস্তুতকৃতB2C E-commerce Index 2016অনুযায়ী যে কোনো দেশে ই-কমার্স তথা ডিজিটালকমার্স বান্ধব পরিবেশ তৈরিতে মোট চার (০৪)টি প্রধান নিয়ামক চিহ্নিত করা হয়েছেঃ (ক) ইন্টারনেটের ব্যবহারকারী; (খ) নিরাপদ সার্ভার ব্যবস্থা; (গ) ক্রেডিট কার্ড ব্যবহার; এবং (ঘ) ডাক পরিবহনের বিশ্বস্ততা। পাশাপাশি, একটি যথাযথ ডিজিটাল কমার্স নীতিমালার কাঠামো-তে মোট আট (০৮)টি স্তম্ভ যেমন- (১) আইসিটি অবকাঠামো; (২)ডিজিটাল-লেনদেন; (৩) ডিজিটালকমার্স প্ল্যাটফর্ম; (৪) দক্ষতা উন্নয়ন; (৫) সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি; (৬) ডিজিটাল নিরাপত্তা; (৭) ডিজিটাল সংগ্রহ(Digital Procurement); এবং (৮) ব্যবসা ও লজিস্টিক সুবিধা সম্পর্কিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন।

দেশের ডিজিটালকমার্স খাতের সুষম উন্নয়ন এবং নির্ভরযোগ্য ব্যবস্থাপনা, তদারকি ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে আস্থাশীল পরিবেশ তৈরির পথ সুগম করার ক্ষেত্রে একটি উপযুক্ত নীতিমালার ভূমিকা অনস্বীকার্য। আন্তর্জাতিক পরিমণ্ডলের সাথে সামঞ্জস্যপূর্ণ যথাযথ একটি জাতীয় নীতিমালা ছাড়া বর্তমান বিশ্ব ব্যবস্থায় আস্থাভাজন ব্যবসা উপযোগী পরিবেশ গঠন সম্ভব নয়। উল্লেখ্য, ডিজিটালকমার্সএর সকল কর্মকাণ্ড বিদ্যমান আন্তঃরাষ্ট্রীয় এবং আন্তর্জাতিক ব্যবসা-বাণিজ্যের সাথে সম্পৃক্ত বিধায় দেশের বিদ্যমান আমদানি ও রপ্তানি নীতিমালার বিষয়বস্তুসমূহকে সম্পূর্ণভাবে অক্ষুন্ন রেখে এ সংশ্লিষ্ট বিষয়াদি উক্ত নীতিমালায় অন্তর্ভুক্ত করা হয়েছে। সার্বিক বিষয়াদি বিবেচনায় সরকারের ‘ভিশন ২০২১: ডিজিটাল বাংলাদেশ’ সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে সমৃদ্ধ জাতিতে পরিণত করার লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

অধ্যায়-০১

নীতিমালার নাম, পরিধি ও সংজ্ঞা

১.১. সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

ক. সংক্ষিপ্ত শিরোনাম :এ নীতিমালা 'জাতীয় ডিজিটাল কমার্স (সংশোধিত) নীতিমালা ২০১৯' নামে অভিহিতহবে।

খ. প্রয়োগ : এটি সমগ্র বাংলাদেশে প্রয়োগ হবে।

গ. প্রবর্তন : এটি অবিলম্বে কার্যকর হবে।

১.২. সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এ নীতিমালায়-

(১) **"আচরণবিধি(Code of Conduct)"** অর্থ ডিজিটালকমার্স ভোক্তাদের অধিকার সুরক্ষা, উত্তম বাণিজ্যিক চর্চা বা অনুশীলন পদ্ধতি অনুসরণের মাধ্যমে ডিজিটালকমার্স ব্যবস্থাকে ভোক্তা, ব্যবসায়ী ও সরকার তথা সর্বমহলে আস্থাশীল করে তোলা এবং আইনগত সুরক্ষা নিশ্চিতকরণের উদ্দেশ্যে প্রণীত সর্বজনীন আচরণবিধি;

(২) "**আন্তঃসীমান্তডিজিটাল কমার্স (Cross-border Digital Commerce)**"অর্থ আন্তর্জাতিক পর্যায়ে তথা অন্য কোনো দেশের ব্যবসায়ীর নিকট থেকে পণ্য ও সেবা ক্রয় এবং অন্য দেশের ভোক্তা বা ব্যবসায়ীর নিকট পণ্য ও সেবা বিক্রয় করা সম্পর্কিত ডিজিটাল কমার্স ব্যবস্থা;

(৩) **"একসেস টু ফাইন্যান্স(Access to Finance)"** অর্থ জনগণ, ডিজিটাল কমার্স ব্যবসায়ী ও উদ্যোক্তাদের দেশের অর্থনৈতিক ও ব্যাংকিং সুবিধায় প্রবেশাধিকার নিশ্চিতকরণের ব্যবস্থাসমূহ;

(৪) **"এসক্রো সার্ভিস (Escrow Service)"** অর্থ এমন একটি মধ্যবর্তী ব্যবস্থা যাতে বিধিবদ্ধ সংস্থা অথবা বাংলাদেশ ব্যাংক অনুমোদিত তৃতীয় পক্ষের নিকট গচ্ছিত আমানতের গ্যারান্টির বিপরীতে ক্রেতা ও বিক্রেতার মধ্যে সম্পাদিত পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় এবং লেনদেন প্রক্রিয়া সম্পন্ন হয়;

(৫) **"কপিরাইট (Copyright)"**অর্থ বুদ্ধিবৃত্তিক বিশেষ করে সাহিত্য, নাট্য, সঙ্গীত, শিল্পকর্ম, কনটেন্ট এবং এ ধরণের অন্য সকল বিষয়ে প্রিন্ট, ইলেক্ট্রনিক বা ডিজিটাল উপায়ে প্রকাশিত বা অপ্রকাশিত বিষয়বস্তু বা কার্যাবলী যাতে উদ্ভাবক বা উৎপাদনকারী বা স্বত্বাধিকারী অর্থাৎ মালিকের একচ্ছত্র বা একচেটিয়া আইনগত অধিকার ও স্বত্ব বহাল থাকে এরূপ অধিকার;

(৬) **"ট্রেডমার্ক(Trademark)"**অর্থ কোনো প্রতীক চিহ্ন, ডিজাইন, শব্দ বা শব্দাবলী যা আইনগতভাবে নিবন্ধিত কোনো বিশেষ কোম্পানি বা পণ্যের সুনির্দিষ্ট পরিচয় প্রকাশ করে;

(৭) **"ডিজিটাল ওয়ালেট(Digital Wallet)"** অর্থ কোনো অনলাইন ভিত্তিক বা ভার্চুয়াল সেবা যা সুনির্দিষ্ট ক্ষেত্রবিশেষে ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় আর্থিক লেনদেন সম্পাদন করার জন্য ব্যবহার উপযোগী হিসেবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদনপ্রাপ্ত ব্যবস্থা;

(৮) "**ডিজিটালকমার্স(Digital Commerce)"**অর্থ ইলেক্ট্রনিক/ডিজিটাল বাণিজ্য যা ইন্টারনেট ও অন্যান্য ডিজিটালনেটওয়ার্ক এর মাধ্যমে ডিজিটাল ডিভাইস ব্যবহার করে সকল প্রকার পণ্য ও সেবা ক্রয়-বিক্রয় সম্পাদন হয়ে থাকে;

(৯) **"ডিজিটালকমার্স প্ল্যাটফর্ম(DigitalCommerce Platform)"** অর্থ একটি সফটওয়্যার অ্যাপ্লিকেশন যা ব্যবহার করেঅনলাইনেব্যবসা-বাণিজ্য ব্যবস্থাপনা, বিপণন ও অন্যান্য সংশ্লিষ্ট কর্ম পরিচালনা করা হয়;

(১০) **"ডিজিটাল ডিভাইস(Digital Device)"**অর্থকোনোইলেকট্রনিক, ডিজিটাল, ম্যাগনেটিক, অপটিক্যালবাতথ্যপ্রক্রিয়াকরণযন্ত্রবাসিস্টেম, যাইলেকট্রনিক, ডিজিটাল, ম্যাগনেটিকবাঅপটিক্যালইমপালসব্যবহারের মাধ্যমেযৌক্তিক, গাণিতিকএবংস্মৃতিকার্যক্রমসম্পন্নকরে, এবংকোনোডিজিটালবাকম্পিউটারডিভাইসসিস্টেমবাকম্পিউটারনেটওয়ার্কেরসহিতসংযুক্ত,এবং সকলইনপুট, আউটপুট, প্রক্রিয়াকরণ, সঞ্চিতি, ডিজিটালডিভাইসসফটওয়্যারবাযোগাযোগসুবিধাদিওএর অন্তর্ভুক্ত;

(১১) "**ডিজিটালনিরাপত্তা(Digital Security)**"অর্থকোনোডিজিটালডিভাইসবাডিজিটালসিস্টেমএরনিরাপত্তা;

(১২) **"ডিজিটাল লেনদেন(Digital Payment)"** অর্থ ডিজিটাল পদ্ধতিতে সম্পাদিত যে কোনো ডিজিটাল বাণিজ্য বাবদ লেনদেন ব্যবস্থা;

(১৩) "**ডিজিটাল সংগ্রহ(Digital Procurement)"**অর্থ ইলেক্ট্রনিক নেটওয়ার্ক তথা ইন্টারনেট ব্যবহার করে বি২সি বা বি২বি বা বি২জি প্রক্রিয়ায় পণ্য, পেশাগত সেবা, সরবরাহ ইত্যাদি ক্রয়-বিক্রয় করার উদ্দেশ্যে তথ্য-উপাত্ত আদান-প্রদান করা এবং ব্যবসায়িক ও আর্থিক লেনদেন ব্যবস্থা;

(১৪) **"ডিজিটাল লেনদেন পদ্ধতি(Digital Payment System)"** ডিজিটাল উপায়ে বা মোবাইল ব্যাংকিং অথবা বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত ও অনুমোদিত যে কোনো ডিজিটাল উপায়ে ক্রয়কৃত পণ্য বা সেবার মূল্য পরিশোধ করার ব্যবস্থা;

(১৫) **"ডিজিটাল স্বাক্ষর (Digital Signature)"**অর্থ এমন একটি বিশেষ ডিজিটাল কোড যা কোনো লিখিত ডকুমেন্ট এর কনটেন্ট-এ প্রেরক বা স্বাক্ষরকারীর পরিচয়, উৎস, স্বত্ব, কর্তৃত্ব ও যথার্থতা এমনভাবে সনাক্ত ও নিশ্চিত করে যার কোনো একটি অংশ পরিবর্তন করলে সে ডিজিটাল কোড তা সঠিক বলে অনুমোদন প্রদান করে না এরূপ স্বাক্ষর ব্যবস্থা;

(১৬) **"ডিজিটাল বাজারজাতকরণ(Digital Marketing)"** অর্থ ইন্টারনেট বা অন্যান্য ডিজিটাল মাধ্যমে পণ্য বা সেবার প্রচার প্রচারণা ব্যবস্থা;

(১৭) **"তাৎক্ষণিক অর্থ স্থানান্তর(Real Time Fund Transfer)"** অর্থ কোনোরূপ অপেক্ষমান বিলম্ব ব্যতিত এক আর্থিক প্রতিষ্ঠান হতে স্থানীয় বা আন্তর্জাতিক পর্যায়ে অন্য আর্থিক প্রতিষ্ঠানে লেনদেন সম্পন্ন করা;

(১৮) "**নেটনিরপেক্ষতা(Net Neutrality)**"অর্থ এমন একটি নীতি যার মাধ্যমে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি)গণ ইন্টারনেটের সকল তথ্য (Data) কে সমানভাবে বিবেচনা করবে এবং ব্যবহারকারী, কনটেন্ট, ওয়েবসাইট, প্লাটফরম বা এ্যাপ্লিকেশনের ধরণের ভিত্তিতে আলাদাভাবে কোন চার্জ করবে না;

(১৯) **"পেটেন্ট (Patent)"** অর্থ হচ্ছে কিছু স্বতন্ত্র বা একচেটিয়া অধিকার যেগুলো আইনগত সিদ্ধ কর্তৃপক্ষ দ্বারা কোনো উদ্ভাবককে তার উদ্ভাবনের জন্য প্রদান করা হয়;

(২০) **"পেমেন্ট সুইচ (Payment Switch)"**অর্থ এমন একটি আর্থিক লেনদেন সংক্রান্ত সফটওয়্যার যা একটির বেশি ইন্টারফেস তথা-এটিএম, পিওএস, এমপিওএস, পেমেন্ট গেটওয়ে,ডিজিটাল ওয়ালেট ইত্যাদি থেকে অর্থ লেনদেন এর অর্ডার গ্রহণ করে এবং নির্দিষ্ট ব্যাংকের ডেবিট বা ক্রেডিট কার্ড একাউন্ট এর যথার্থতা বিষয়ক অনুমোদন যাচাই করে এরূপ ব্যবস্থা;

(২১) **"বিতরণ ব্যবস্থা(Delivery System)"**অর্থ বাংলাদেশ ডাক বিভাগ/অন্যান্য কুরিয়ার সার্ভিস/নিজস্বব্যবস্থাপনায় ডিজিটাল বাণিজ্য প্রক্রিয়ায় বিক্রয়কৃত পণ্য সড়কপথ, রেলপথ, জলপথ বা আকাশপথ বা ডিজিটাল পদ্ধতি ব্যবহারের মাধ্যমে নির্ধারিত গ্রাহকের নিকট গ্রাহক কর্তৃকপ্রদত্তসুনির্দিষ্ট ঠিকানায় সহজে ও নিরাপদে পরিবহন ও বিতরণ ব্যবস্থা;

(২২) "**বাণিজ্যকেন্দ্র(Marketplace)**" অর্থ ইন্টারনেটে এক ধরণের ডিজিটাল কমার্স সাইট বা পোর্টাল যাতে এক বা একাধিক তৃতীয় পক্ষ কর্তৃক পণ্য বা সেবা সম্পর্কিত তথ্যাদি সন্নিবেশ করা থাকে এবং লেনদেন প্রক্রিয়া সম্পন্ন হয়ে থাকে;

(২৩) **"ভার্চুয়াল কার্ড (Virtual Card)"** অর্থ আর্থিক লেনদেনে ব্যবহৃতডেবিট কার্ড, ক্রেডিট কার্ড অথবা প্রিপেইড কার্ড, যাদিয়ে মূল্য পরিশোধ করা যায়;

(২৪) **"মেধাস্বত্ব(Intellectual Property)"**অর্থ কোনো ধরণের প্রিন্ট, ইলেক্ট্রনিক বা ডিজিটাল উপায়ে প্রকাশিত বা অপ্রকাশিত বুদ্ধিবৃত্তিক বা মেধাভিত্তিক মূলধনের ওপর উদ্ভাবক বা

উৎপাদনকারী বা স্বত্বাধিকারী অর্থাৎ মালিকের একচ্ছত্র বা একচেটিয়া আইনগত অধিকার সুরক্ষা ও স্বত্ব বহাল থাকে এরূপ অধিকার;

(২৫) **"মূল্য পরিশোধিত কার্ড (Prepaid Card)"**অর্থ এমন একটি অনলাইনে পেমেন্ট সুবিধাসম্পন্ন কার্ড যা বাংলাদেশ ব্যাংকের যথাযথ অনুমোদনক্রমে কার্ড ইস্যুকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সেবা গ্রহীতাকে অনলাইনে কেনাকাটা সম্পাদন করার ক্ষেত্রে ক্যাশ এর সমার্থক হিসেবে পেমেন্ট পরিশোধের সুবিধা প্রদান করে থাকে।

(২৬) মার্কেটপ্লেস ভিত্তিক ডিজিটাল কমার্স (Market Place Based Digital Commerce):মার্কেটপ্লেস ভিত্তিক ডিজিটাল কমার্স অর্থ কোন ডিজিটাল কমার্স প্রতিষ্ঠাণ ()কর্তৃক ডিজিটাল বা ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যাবহার করে ক্রেতা এবং বিক্রেতার মধ্যে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে তথ্য-প্রযুক্তির প্লাটফর্ম ()প্রদান করা।

(২৭) ইনভেন্টরি ভিত্তিক ডিজিটাল কমার্স (Inventory Based Digital Commerce): ইনভেন্টরি ভিত্তিক ডিজিটাল কমার্স অর্থ কোন ডিজিটাল কমার্স প্রতিষ্ঠাণ () যার ক্রয়-বিক্রয়যোগ্য পণ্য বা সেবার ইনভেনটরির মালিকানা বা নিয়ন্ত্রণ রয়েছে এরুপ প্রতিষ্ঠাণ কর্তৃক ডিজিটাল বা ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যাবহার করে ক্রেতা এবং বিক্রেতার মধ্যে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে তথ্য-প্রযুক্তির প্লাটফর্ম ()প্রদান করা।

অধ্যায়-০২

লক্ষ্য ও উদ্দেশ্য

২.১. লক্ষ্য (Goal)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ডিজিটালকমার্স ব্যবস্থা প্রতিষ্ঠা এবং স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সৃষ্টি করতঃ ব্যবসা বাণিজ্যের ডিজিটাল রুপান্তর।

২.২. উদ্দেশ্য (Objectives)

২.২.১ ডিজিটালকমার্স এর মাধ্যমে ব্যবসা বাণিজ্যের প্রচার, প্রসার ও উন্নতি সাধন করা;

২.২.২ ডিজিটালকমার্স ব্যবসা পরিচালনার ক্ষেত্রে উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা;

২.২.৩ ডিজিটালকমার্স ব্যবসা পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিতকরা;

২.২.৪ ডিজিটালকমার্সের মাধ্যমে ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতা ও বিক্রেতার মধ্যে আস্থা ও বিশ্বাস স্থাপনেসহায়তা করা;

২.২.৫ উদ্যোক্তা, ক্রেতা ও বিক্রেতার স্বার্থ সংরক্ষণে নীতিগত ও আইনগত ব্যবস্থা গ্রহণ করা;

২.২.৬ ভোক্তা অধিকার সংরক্ষণে সহায়তা করা;

২.২.৭ ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে বিভিন্ন ঝুঁকিসমূহ নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সমন্বয় সাধন করা;

২.২.৮ ডিজিটালকমার্স সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় অবকাঠামো (যেমন: ব্রডব্যান্ড ইন্টারনেট, হোস্টিং) উন্নয়নে সহায়তা প্রদান করা;

২.২.৯. পণ্য পরিবহন ও সরবরাহের ক্ষেত্রে প্রয়োজনীয় সমন্বয় ও নীতিগত সহায়তা প্রদান করা;

২.২.১০.আন্তঃসীমান্তডিজিটালকমার্স পরিচালনার জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা;

২.২.১১. ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ডিজিটালকমার্স উন্নয়নে একসেস টু ফাইন্যান্স (Access to Finance)সহজীকরণ;

২.২.১২.দেশের প্রান্তিক পর্যায়ে ডিজিটালকমার্স প্রসারের লক্ষ্যে প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি করা;

২.২.১৩.ডিজিটালকমার্স এর মাধ্যমে উদ্যোক্তা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

২.২.১৪.আন্তর্জাতিক পরিমন্ডলে দেশীয় পণ্যের প্রচার ও প্রসার করা;

২.২.১৫ডিজিটালবাণিজ্যমেধাস্বত্বসংরক্ষণ করা।

অধ্যায়-০৩
ডিজিটাল কমার্স পরিচালনা ও ব্যবস্থাপনা

৩.১. ডিজিটালকমার্স পরিচালনা পদ্ধতি

৩.১.১. ডিজিটাল কমার্স নীতিমালা প্রতিপালনের জন্য বাণিজ্য মন্ত্রণালয়েরঅধীনে একটি কেন্দ্রীয় সেল গঠন। উক্ত সেলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিনিধিত্ব থাকবে;

৩.১.২. ডিজিটালকমার্স ব্যবসা পরিচালনার ক্ষেত্রে ব্যবসা প্রতিষ্ঠানসমূহ দেশের প্রচলিত বিধি-বিধান প্রতিপালন করবে;

৩.১.৩. কেন্দ্রীয় সেল কর্তৃক ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহের তালিকা ওয়েবসাইটে প্রকাশ;

৩.১.৪. প্রত্যেক ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান ওয়েবসাইট/এ্যাপস/মার্কেটপ্লেস-এ তার ই-মেইল আইডি, ফোননম্বর, রেজিস্ট্রেশন নম্বর এবং পণ্যের বিবরণ প্রকাশ করবে।

৩.২. ডিজিটাল কমার্স ভোক্তা অধিকার সংরক্ষণ ও দায়বদ্ধতা নিশ্চিতকরণ

৩.২.১. ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহ ভোক্তা অধিকার সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান প্রতিপালন করবে;

৩.২.২. ক্রেতার স্বার্থ সংরক্ষণের লক্ষ্যেডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের ওয়েবসাইটে বিক্রয়যোগ্য পণ্যের যথাযথ বিবরণ(Specification)এবং এ সংক্রান্ত শর্তাবলী উল্লেখকরবে;

৩.২.৩. ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান বিধি অনুযায়ী বিক্রিত পণ্যের ফেরত/মূল্যফেরত/প্রতিস্থাপন শর্তাবলী ওয়েবসাইটে প্রদর্শন করবে;

৩.২.৪. ভোক্তা অধিকার সুষ্ঠুভাবে সংরক্ষণের নিমিত্ত সংশ্লিষ্ট পক্ষসমূহের [বাণিজ্যকেন্দ্র (Marketplace), উদ্যোক্তা,বিতরণকারী(Distributor), লেনদেনে অংশগ্রহণকারী ইত্যাদি)] মধ্যে চুক্তি সম্পাদন করবে।

৩.৩. ডিজিটাল লেনদেন

৩.৩.১.ক্রেতা ও বিক্রেতাগণ কর্তৃকইলেক্ট্রনিক লেনদেন, ডিজিটাল লেনদেন ইত্যাদি বিষয়েবিদ্যমান আইন ও বিধি-বিধান প্রতিপালন করা;

৩.৩.২. সকল ক্ষেত্রেডিজিটাল লেনদেন ও মোবাইল পেমেন্ট/ডিজিটাল ওয়ালেট চালুকরা এবং ডিজিটাললেনদেন সহজতর ও নিরাপদ করার ব্যবস্থা গ্রহণ;

৩.৩.৩. ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহকর্তৃক তাদের ওয়েবসাইটেবিক্রয়যোগ্য পণ্যের নির্ধারিত মূল্য প্রদর্শন করা;

৩.৩.৪. ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট বিদ্যমান পেমেন্ট ব্যবস্থাকে পরিবর্তিত পরিস্থিতির সাথে সামঞ্জস্যপূর্ণ করণ;

৩.৩.৫. ব্যাংকসমূহ কর্তৃক আন্তঃব্যাংক ও মোবাইল ফিনান্সিয়্যাল সার্ভিস (এমএফএস)/ডিজিটাল ফিনান্সিয়্যাল সার্ভিস (ডিএফএস) লেনদেন উপযোগী সিস্টেম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ;

৩.৩.৬. ডিজিটাল কমার্স সংশ্লিষ্টলেনদেন ও পণ্য সরবরাহেরক্ষেত্রে একটি সুনির্দিষ্ট পরিচালনা নির্দেশিকাপ্রণয়ন;

৩.৩.৭. ডিজিটাল কমার্স সংশ্লিষ্টলেনদেনের নিরাপত্তার স্বার্থে 'এসক্রো সার্ভিস' চালুকরণ;

৩.৩.৮. অনলাইন পেমেন্ট সার্ভিসকে গতিশীল করতে মূল্য পরিশোধিত কার্ড/ভার্চুয়াল কার্ড/ওয়ালেট কার্ডসমূহ এজেন্ট/ডিজিটাল কমার্স সাইটের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৩.৩.৯. ব্যাংক ও মোবাইল ব্যাংকিং, মূল্য পরিশোধিত কার্ড, ডেবিট ও ক্রেডিট কার্ডসহ সমস্ত পেমেন্ট পদ্ধতিন্যাশনাল পেমেন্ট সুইচ-এর সাথে সংযুক্ত থাকার মাধ্যমে তাৎক্ষণিক অর্থ স্থানান্তরের ব্যবস্থাগ্রহণ;

৩.৩.১০. বৈধ পথে আন্ত:দেশীয় অনলাইন কার্ড ভিত্তিক লেনদেন সম্প্রসারণের নিমিত্ত বৈদেশিক মুদ্রার ভ্রমণ কোটা ও অনলাইন লেনদেনের কোটা যুগোপযোগীকরণ।

৩.৪. ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরাপত্তা

৩.৪.১. পাইরেসি, হ্যাকিংসহ ডিজিটাল কমার্স খাত সংশ্লিষ্ট সকল ডিজিটাল অপরাধ, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং ইত্যাদি ক্ষেত্রে বিদ্যমান ও উদ্ভূত ঝুঁকি চিহ্নিতকরণ, ব্যবস্থাপনা ও তদারকি নিশ্চিতকরণেরব্যবস্থাগ্রহণ;

৩.৪.২. যথাযথ নিরাপত্তার স্বার্থেডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহ প্রমিতমান অনুসরণ করে তাদের ওয়েবসাইট, বাণিজ্যকেন্দ্র(Marketplace) ইত্যাদি প্রস্তুত করবে;

৩.৪.৩. ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট অপরাধ চিহ্নিত হলে তা দেশে প্রচলিত সংশ্লিষ্ট আইনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ;

৩.৪.৪. ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট বিভিন্ন সাইট/বাণিজ্যকেন্দ্র(Marketplace) এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যেপ্রয়োজনীয় কারিগরিঅবকাঠামো গড়ে তোলা;

৩.৪.৫. দেশে ও আন্তর্জাতিক পর্যায়ে উদ্ভূত পরিস্থিতিতে প্রয়োজন সাপেক্ষে ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট বিষয়বস্তু ও আইনি কাঠামোপরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধনের কার্যক্রম গ্রহণ।

৩.৪.৬. ডিজিটাল কমার্সে মেধাস্বত্ত্ব সংরক্ষণ করা।

৩.৫. ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট সংস্থাসমূহের কার্যক্রম সমন্বয়

৩.৫.১. ডিজিটাল কমার্স সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত বাণিজ্য মন্ত্রণালয়কর্তৃক গঠিতকেন্দ্রীয়সেল এতদ্‌বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান/সংস্থা এর সাথে প্রয়োজনীয় সমন্বয়সাধন করবে;

৩.৫.২. ডিজিটাল কমার্স ইন্ডাস্ট্রির সরকার মনোনীত সংস্থা/অ্যাসোসিয়েশন দেশের ডিজিটাল কমার্স ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম কেন্দ্রীয় ডিজিটাল কমার্স সেলের সাথে সমন্বয় সাধন করবে।

৩.৬. আইনি কাঠামো

৩.৬.১. ডিজিটাল কমার্স ব্যবসা পরিচালনা, বিক্রয়কৃত পণ্য সরবরাহ ও আর্থিক লেনদেন সংক্রান্ত নিরাপত্তা, নিয়ন্ত্রণ, তদারকি এবং এ সকল কর্মকাণ্ড হতে উদ্ভূত অসন্তোষ নিরসন ও অপরাধসমূহের বিচার ডিজিটাল নিরাপত্তা সংশ্লিষ্ট আইনের মাধ্যমে সম্পন্নকরণ;

৩.৬.২. ডিজিটাল কমার্স খাতে বিনিয়োগের ক্ষেত্রে দেশের প্রচলিত আইন ও বিধি-বিধান প্রতিপালন;

৩.৬.৩. ডিজিটাল কমার্স বিষয়ক কপিরাইট, ট্রেডমার্ক ও প্যাটেন্টসহ মেধাস্বত্ব সংরক্ষণ, অনলাইন ডকুমেন্ট আদান-প্রদানসংক্রান্তবিদ্যমান আইন ও বিধি-বিধান-এপ্রয়োজনীয় পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন এর কার্যক্রম গ্রহণ;

৩.৬.৪. মেধাস্বত্ব (প্যাটেন্ট ও নকশা, ট্রেডমার্ক, কপিরাইট ইত্যাদি)-এ ডিজিটাল কমার্স বিষয়বস্তু অন্তর্ভুক্তির জন্য হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ;

৩.৬.৫. মোবাইল অপারেটরগণ কর্তৃক নেটনিরপেক্ষতা(Net Neutrality) বজায় রাখার বিধি-বিধানপ্রতিপালন;

৩.৬.৬. ডিজিটাল কমার্স লেনদেনের ক্ষেত্রে ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের উদ্যোগ গ্রহণ;

৩.৬.৭. ডিজিটাল কমার্স খাতে বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রেবিদ্যমান বিধি-বিধান প্রতিপালন করতেহবে।

৩.৬.৮. ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট ওয়েবসাইট ডেভেলপমেন্ট, কনটেন্ট ডেভেলপমেন্ট, বাণিজ্যকেন্দ্র (Marketplace)এবং হোস্টিং অ্যান্ডমেইনটেন্যান্স বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন;

৩.৬.৯. ডিজিটাল কমার্সে অংশগ্রহণকারী ব্যবসা প্রতিষ্ঠান ভোক্তার ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা নিশ্চিত করবেন।

৩.৭. আইন প্রয়োগ পদ্ধতি

৩.৭.১. ডিজিটাল কমার্স খাত সংশ্লিষ্ট লেনদেন এবং অসন্তোষ নিরসনের বিষয়াদি সুষ্ঠুভাবে প্রতিপালন করার উদ্দেশ্যে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ/সংস্থা'র মধ্যে বাণিজ্য মন্ত্রণালয় সমন্বয় সাধন করবে;

৩.৭.২. ডিজিটাল কমার্স সম্পর্কিত বিষয়সমূহে গবেষণাকার্য পরিচালনা, তথ্য ও উপাত্ত সংগ্রহ, সমস্যা চিহ্নিতকরণ এবং পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনার মাধ্যমে বিদ্যমান ও উদ্ভূত সমস্যা নিরসনে সুপারিশ প্রদানের নিমিত্তসরকারি-বেসরকারি প্রতিনিধিদের সমন্বয়ে একটি উপদেষ্টা পরিষদ (Advisory Council)গঠন;

৩.৭.৩. ডিজিটাল লেনদেন পদ্ধতিতে আর্থিক লেনদেনের অপপ্রয়োগ ও জালিয়াত চিহ্নিতকরণের

ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান, ক্লিয়ারিং হাউজ এবং আইন প্রয়োগকারী সংস্থা কেন্দ্রীয় ডিজিটালকমার্স সেলেরসাথে সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩.৮. ডিজিটাল কমার্স প্রমোশন

৩.৮.১. ডিজিটাল কমার্স বিষয়ে প্রচারণা ও জনসচেতনতা সৃষ্টির জন্যবাণিজ্য মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগসহ সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৩.৯. নীতিমালা সংশোধন

ভবিষ্যতে নীতিমালাটি সংশোধন বা পরিমার্জনের আবশ্যকতা প্রতীয়মান হলে এ বিষয়ে মন্ত্রিসভার অনুমোদন গ্রহণ করতে হবে

৩.১০. অনুসৃত রীতি (Conventions)

কর্ম-পরিকল্পনাসমূহ বাস্তবায়নের জন্য নিম্নরূপ মেয়াদ স্থির করা হয়েছেঃ

- স্বল্প মেয়াদী (২০২১ সাল);
- মধ্য মেয়াদী (২০৩০ সাল);এবং
- দীর্ঘ মেয়াদী (২০৪১ সাল)।

৩.১১. কর্ম-পরিকল্পনা (পরিশিষ্ট-১)

এ নীতিমালার আওতায় ডিজিটাল কমার্স সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত একটি কর্ম-পরিকল্পনা অনুসরণ করা হবে**(পরিশিষ্ট-১)**।

পরিশিষ্ট১-

কর্ম-পরিকল্পনা

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
উদ্দেশ্য :১-ডিজিটাল কমার্স এর মাধ্যমে ব্যবসা বাণিজ্যের প্রচার,প্রসার ও উন্নতি সাধন করা						
০১	সারাদেশের সাধারণ জনগোষ্ঠী , নতুন ,প্রতিষ্ঠিত ব্যবসায়ী সংগঠন -সরকারি কর্মকর্তা ,ব্যবসায়ী উদ্যোক্তা কর্মচারীদেরডিজিটাল কমার্স এবং এ ব্যবসার প্রায়োগিক দিকসমূহ সম্পর্কে সচেতন করা ও বিস্তারিত জ্ঞান প্রদানের জন্য প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণকরা।	প্রধানমন্ত্রীর কার্যালয়,বাণিজ্য মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগজনপ্রশাসন , ,মন্ত্রণালয়বিভাগীয় , জেলা এবং উপজেলা প্রশাসন।	ডিজিটাল কমার্সের প্রায়োগিক দিক সম্পর্কে প্রশাসন ও ব্যবসায়ীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে এবং এ সংক্রান্ত কর্মকাণ্ড পরিচালনা , ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ করা সহজ হবে।	সকল বিভাগীয়/ সকল জেলা পর্যায়	সকল উপজেলা পর্যায়	সকল ইউনিয়ন পর্যায় এবং সকল গৃহ।
০২	বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট পাঠ্যক্রম এবং তথ্যপ্রযুক্তি পাঠ্যক্রমে এবং বিভিন্ন প্রশিক্ষণ ইনস্টিটিউটের কার্যক্রমে ডিজিটাল কমার্স বিষয়কেঅন্তর্ভুক্তিকরণ।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ , কারিগরি ও মাদ্রাসা ,শিক্ষা বিভাগ ইউজিসি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	তথ্যপ্রযুক্তি জ্ঞান সম্পন্ন দক্ষ মানবসম্পদ গড়ে উঠবে।	উচ্চ শিক্ষা	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক	প্রাথমিক স্তরসহ সর্বস্তরে
০৩	ডিজিটাল কমার্স খাতে জনগণকে উৎসাহিত করার লক্ষ্যে প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ।	বাণিজ্য মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	ডিজিটাল কমার্স খাতের গুরুত্ব বৃদ্ধি পাবে ; জনগণের মধ্যে সচেতনতা ও আগ্রহ বৃদ্ধি পাবে।	রাজধানী শহর	বিভাগীয় শহর	জেলা শহর /উপজেলা/ বিদেশে অবস্থানরত বাংলাদেশ দূতাবাস সমূহ
০৪	ডিজিটাল কমার্স খাতের সম্প্রসারণমূলক কর্মকাণ্ডের অংশ হিসেবে অবস্থাভেদে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান বা প্রশিক্ষণ ইনস্টিটিউটে ডিজিটাল কমার্স বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করা।	বাণিজ্য মন্ত্রণালয় , মাধ্যমিক ও উচ্চ ,শিক্ষা বিভাগ কারিগরি ও মাদ্রাসা যুব ও ,শিক্ষা বিভাগ ক্রীড়া মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	এখাতে দক্ষ জনবল এবং উদ্যোক্তা তৈরি হবে। ডিজিটাল কমার্স ব্যবসার প্রসার হবে।	✓	✓	✓
উদ্দেশ্য ২-ডিজিটাল কমার্স ব্যবসা পরিচালনার ক্ষেত্রে উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা						

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
০৫	দেশের ডিজিটাল কমার্স খাতকে বর্তমান বিশ্বে প্রচলিত ব্যবস্থার সাথে সামঞ্জস্য বিধান এবং এ খাতের দীর্ঘমেয়াদী ও টেকসই উন্নয়ন সাধনের লক্ষ্যেএসম্পর্কিত বিষয়সমূহে গবেষণাকার্য পরিচালনাসমস্যা , চিহ্নিতকরণ এবংউদ্ভূত সমস্যা নিরসনে সুপারিশ প্রদানের নিমিত্ত সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়,বিভাগ এর প্রতিনিধি/ দেশের শীর্ষ ব্যবসায়ী সংগঠন, আইসিটি ও ডিজিটাল কমার্স ইন্ডাষ্ট্রির প্রতিনিধিগণের সমন্বয়ে একটিউপদেষ্টা পরিষদ গঠন করা।	মন্ত্রিপরিষদ বিভাগবাণিজ্য / অর্থ/মন্ত্রণালয়বিভাগ / তথ্য ও যোগাযোগ /প্রযুক্তি বিভাগ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগবাংলাদেশ / /ব্যাংক বেসরকারি সংগঠনের প্রতিনিধিগণ।	গবেষণার ফলাফলের মাধ্যমে ডিজিটাল কমার্সের বিকাশ সাধন এবং বিভিন্ন সমস্যা সমাধানের নিমিত্ত সুপারিশ প্রণয়ন সম্ভব হবে।	✓		
০৬	ডিজিটাল কমার্স সম্পর্কিত যাবতীয় কর্মকান্ড- তথা ডিজিটাল কমার্সের মাধ্যমে ব্যবসা ,বাণিজ্য সংঘটন- লেনদেন সৃষ্ট ভোক্তা বা বিক্রেতা অসন্তোষপ্রযুক্তিগত সমস্যা , নিরসণের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়আইন /বিভাগ/ /প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি বাংলাদেশ ব্যাংক ও বিশেষজ্ঞদের নিয়ে একটি কারিগরি কমিটি গঠন করা।	বাণিজ্য মন্ত্রণালয় এবংতথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	উদ্ভূত অসন্তোষ নিরসনেদ্রুত পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে , ঝুঁকি ব্যবস্থাপনা টেকসই হবেনিয়ন্ত্রণ মেকানিজম , সফল হবে।	✓		
০৭	বিলুপ্ত	বিলুপ্ত	বিলুপ্ত	বিলুপ্ত		
উদ্দেশ্য ৩-ডিজিটাল কমার্স ব্যবসা পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতাদায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত করা ,						
০৮	ডিজিটাল কমার্স খাতকে সহায়তা দেওয়ার নিমিত্ত বিভিন্ন ইন্স্যুরেন্স প্যাকেজ তৈরি ও অনুমোদনে ইন্স্যুরেন্স খাতকে উদ্বুদ্ধকরণ।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ)।	ডিজিটাল কমার্স খাত অধিকতর আস্থাশীল হবে।	✓	✓	✓

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
৯	সকল সরকারি বেসরকারি অফিসে/ ডিজিটাল স্বাক্ষর চালু করার উদ্যোগ গ্রহণ করা।	প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	ডিজিটাল কমার্স খাত অধিকতর আস্থাশীল হবে।	✓	✓	✓
উদ্দেশ্য ৪-ডিজিটাল কমার্সেরমাধ্যমে ক্রয়বিক্রয়ের ক্ষ-েত্রে ক্রেতা ও বিক্রেতার মধ্যে আস্থা ও বিশ্বাস স্থাপনে সহায়তা করা						
১০	নীতির প্রতি আস্থা ও শ্রদ্ধা প্রদর্শনপূর্বক দেশের সকল প্রকার ব্যবসাবাণিজ্য গতানুগতিক প্রক্রিয়ার পাশাপাশি ডিজিটাল মাধ্যমে পরিচালিত করার কার্যকর উদ্যোগ গ্রহণ করা।	বাণিজ্য মন্ত্রণালয়।	ডিজিটাল কমার্স খাতের উন্নয়ন ত্বরান্বিত হবে।	রাজধানী শহর	বিভাগীয় শহর	জেলা শহর , উপজেলা ওসারাদেশ
১১	দেশে ডিজিটাল কমার্স খাতের কাংঙ্খিত উন্নয়ন সাধনের লক্ষ্যেডিজিটাল কমার্সের উপযোগী অবকাঠামোগতজ্ঞানভিত্তিক এবং , অংশগ্রহণমূলক পরিবেশসৃষ্টির মাধ্যমে এ খাতকে আস্থাশীল করে তোলার পদক্ষেপ গ্রহণ করা।	প্রধানমন্ত্রীর কার্যালয় , বাণিজ্য মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	ডিজিটাল কমার্স খাতের সম্প্রসারণ ও সামগ্রিক উন্নয়নরফতানি উন্নয়ন , এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ।	রাজধানী শহর	বিভাগীয় শহর	জেলা শহর , উপজেলা ও সারাদেশ
উদ্দেশ্য ,উদ্যোক্তা৫-ক্রেতা ও বিক্রেতার স্বার্থ সংরক্ষণে নীতিগত ও আইনগত ব্যবস্থা গ্রহণ করা						
১২	বিশ্ব বাণিজ্য সংস্থার দিকনির্দেশনা এবং দেশের প্রচলিত বিভিন্ন নীতিমালাআইন ও পরিকল্পনাস ,মূহের আলোকে দেশের ডিজিটাল কমার্স খাতে পরিচালিত ব্যবসাবাণিজ্যে লেনদেন সংক্রান্ত নিরাপত্তা ও নিয়ন্ত্রণ এবং তদারকির লক্ষ্যে অবকাঠামো উন্নয়নে ব্যবস্থা গ্রহণ করা।	বাণিজ্য মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ,আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক।	ডিজিটাল কমার্স খাত সুসংহত হবে এবং উদ্যোক্তারা বিনিয়োগে উৎসাহিত হবে।	✓	✓	✓
১৩	মোবাইল অপারেটরগণ কর্তৃক নেট নিরপেক্ষতা)Net Neutrality(বজায় রাখার বিধি-বিধানপ্রতিপালন।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বিটিআরসি।	ডিজিটাল কমার্স খাতে সকলে ইন্টারনেট ব্যবহারে সমান সুযোগ পাবে এবং ডিজিটাল কমার্সের প্রসার ঘটবে।	✓	✓	✓
উদ্দেশ্যভোক্তা অধিকার সংরক্ষণ করা ৬-						
১৪	ডিজিটাল কমার্স ভোক্তাদের জন্য আস্থাশীল পরিবেশ তৈরির লক্ষ্যে ভোক্তা স্বার্থ সংরক্ষণ সংক্রান্ত বিধি-বিধান প্রণয়ন করা।	বাণিজ্য মন্ত্রণালয়।	বাংলাদেশের ডিজিটাল কমার্স খাত অধিকতর আস্থাশীল হবে এবং বিনিয়োগ বাড়বে।	✓	✓	✓
১৫	ডিজিটাল কমার্স সহজীকরণ এবং ভোক্তা ও ব্যবসায়ী উভয় পক্ষেরঅসন্তোষ নিরসনের স্বার্থে	বাণিজ্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাংক।	সেবা সহজীকরণ হবে এবং আস্থাশীল পরিবেশ সৃষ্টি হবে।	✓	✓	✓

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
	Cash on Deliveryপদ্ধতি প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা।					
১৬	Cash on Deliveryপদ্ধতিতে বাংলাদেশ পোস্ট অফিস বা কুরিয়ার কোম্পানি কর্তৃক আদায়কৃত অর্থ বিধি অনুযায়ী কোম্পানি বা ভোক্তাকে ফেরত প্রদানের)ক্ষেত্রে প্রদান করার (ব্যবস্থা গ্রহণ করা।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।	ভোক্তা তথা ক্রেতারা ডিজিটাল বাণিজ্যে উৎসাহিত হবে।	✓	✓	✓
১৭	জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালার আওতায় ভোক্তাদের যোগাযোগ , ,তথ্য ভিজিট,অগ্রাধিকারভিত্তিক পছন্দ ব্যক্তিগত ও আর্থিক বিষয়াদি সম্পর্কিত তথ্যসমূহের প্রাইভেসি সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক কর্তৃক আবশ্যিকভাবে সংরক্ষণ করার উদ্যোগ গ্রহণ করা।	বাংলাদেশ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।	ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে গতিশীলতা বাড়বে এবংডিজিটাল কমার্স খাত অধিকতর আস্থাশীল হবে।	✓	✓	✓
উদ্দেশ্য ৭-ডিজিটাল লেনদেনের ক্ষেত্রে বিভিন্ন ঝুঁকিসমূহ নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সমন্বয় সাধন করা						
১৮	ডিজিটাল বাণিজ্যের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য পরিচালনায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয় এবং আর্থিক লেনদেনসংক্রান্ত বিভিন্ন ঝুঁকি চিহ্নিতকরণে সরকারের সংশ্লিষ্ট দফতরের উপযুক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি Risk Factors Management Committeeগঠন করা।	বাণিজ্য মন্ত্রণালয় , তথ্য ও যোগাযোগ ,প্রযুক্তি বিভাগ জননিরাপত্তা বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক।	ডিজিটাল কমার্স সংক্রান্ত বিভিন্ন ঝুঁকি চিহ্নিতকরণ ব্যবস্থাপনা , এবং তদারকি প্রক্রিয়া কার্যকর ও টেকসই হবে।	✓	✓	✓
১৯	ভোক্তা এবং ব্যবসায়ীদের নিরাপদ লেনদেন নিশ্চিতকরণে বহুস্তর বিশিষ্ট শক্তিশালী Authentication এবং Encryptionপদ্ধতি প্রয়োগের ব্যবস্থা গ্রহণ করা।	বাংলাদেশ ব্যাংক।	ডিজিটাল কমার্স সংক্রান্ত বিভিন্ন ঝুঁকি চিহ্নিতকরণব্যবস্থাপনা , ও তদারকি প্রক্রিয়া কার্যকর ও টেকসই হবে।	✓	✓	✓
২০	ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট অপরাধ , পাইরেসি, মোবাইল ব্যাংকিংসহ বিভিন্ন বিষয়ে বিদ্যমান ও উদ্ভূত ঝুঁকি চিহ্নিতকরণব্যবস্থাপনা ও তদারকি , বিষয়েসংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ , ,বাণিজ্য মন্ত্রণালয় জননিরাপত্তা বিভাগ , ,বাংলাদেশ ব্যাংক সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়।	বাংলাদেশের ডিজিটাল কমার্স খাত এবং ব্যাংকিং ব্যবস্থা দেশের অভ্যন্তরে ও আন্তর্জাতিক পরিমন্ডলে অধিকতর আস্থাশীল হবে ; বিনিয়োগ উৎসাহিত হবে।	✓	✓	✓
২১	আন্তর্জাতিক পর্যায়ে ইলেক্ট্রনিক লেনদেন সংক্রান্ত অপরাধ নিরসনে WTOকর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা অনুযায়ী আন্তর্জাতিক পর্যায়ে	বাণিজ্য মন্ত্রণালয় , আইনবিচার ও , সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং পররাষ্ট্র	আন্তর্জাতিক পর্যায়ে এখাত আস্থাশীল হবে ; ক্ষতিগ্রস্থ ব্যক্তিপ্রতিষ্ঠান / সুবিচার পাবে।	✓	✓	✓

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
	ক্ষতিগ্রস্থব্যক্তিপ্রতিষ্ঠানের সুবিচার / প্রাপ্তিরলক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা।	মন্ত্রণালয়।				
২২	ভোক্তা কর্তৃক পেমেন্ট প্রদান এবং প্রযোজ্য ক্ষেত্রেঅসন্তোষের প্রেক্ষিতেপরিশোধিত অর্থ ফেরতপ্রাপ্তির সর্বোচ্চ সময়সীমা নির্ধারণ করা।	বাংলাদেশ ব্যাংক	ডিজিটাল কমার্স খাত আস্থাশীল হবে ; ক্ষতিগ্রস্থ ব্যক্তিপ্রতিষ্ঠান / সুবিচার পাবে।	✓	✓	✓
উদ্দেশ্য ৮-ডিজিটাল কমার্স সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় অবকাঠামো(হোস্টিং ,ইন্টারনেট ,ব্রডব্যান্ড :যেমন) উন্নয়নে সহায়তা প্রদান করা						
২৩	সারাদেশে স্বল্পব্যয়ে উন্নতমানের ব্যান্ডউইডথ নিশ্চিতকরণ।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	সারাদেশ উচ্চ ক্ষমতাসম্পন্ন নেটওয়ার্কের আওতাভুক্ত হবে এবং সবার জন্য ইন্টারনেট সহজলভ্য হবে।	সকল জেলা শহর	সকল উপজেলা ও ইউনিয়ন	গ্রাম পর্যায়ে
২৪	ইউনিয়ন ডিজিটাল সেন্টারেপর্যাপ্ত ব্রডব্যান্ড ইন্টারনেট সুবিধা নিশ্চিতকরণ।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।	দ্রুত গতিসম্পন্ন ইন্টারনেটে সারাদেশের সকল জনগোষ্ঠী সম্পৃক্ত হবে ;ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিত হবে।	সকল জেলা শহর	সকল উপজেলা ও ইউনিয়ন	গ্রাম পর্যায়ে
২৫	ইউনিয়ন ডিজিটাল সেন্টারে একটি উপযুক্ত সাইবার ক্যাফে স্থাপন করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও স্থানীয় সরকার বিভাগ।	আইসিটি সংক্রান্তসেবা প্রদান সম্ভব হবে ; অধিকসংখ্যকপ্রান্তিক জনগণ ইন্টারনেট ব্যবহার করতে পারবে।	জেলা শহরের সকল ইউনিয়ন পৌরসভা/	উপজেলা সদরের সকল ইউনিয়ন	সকল ইউনিয়ন
২৬	সারাদেশের প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আইসিটিভিত্তিক হেল্পডেস্কের আদলে একটি ডিজিটাল কমার্স হেল্পডেস্ক স্থাপন করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ , বাণিজ্য মন্ত্রণালয়ও স্থানীয় সরকার বিভাগ।	ডিজিটাল কমার্স সংক্রান্ত ধারণা গ্রামীণ জনপদ পর্যন্তবিস্তৃতিজনগণের , মধ্যে উৎসাহ সৃষ্টি এবং ডিজিটাল কমার্স ভিত্তিক বাণিজ্যিক কর্মকান্ড সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করা যাবে।	সকল জেলা শহর , উপজেলা	সকল উপজেলা	সকল ইউনিয়ন
২৭	টেলিডেনসিটি বাড়ানোর কার্যকর ও দ্রুত ব্যবস্থা গ্রহণ করা।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	ইন্টারনেট অবকাঠামো ইউনিয়ন পর্যায় পর্যন্তবিস্তৃত হবে ; সারাদেশের সকল জনগোষ্ঠীডিজিটাল বাংলাদেশ প্রক্রিয়ার আওতাভুক্ত হবে।	রাজধানী সহ সকল বিভাগীয় ও জেলা শহর	সকল উপজেলা ও ইউনিয়ন	সকল গ্রাম
২৮	আন্তর্জাতিক মানদন্ড অনুসরণে	তথ্য ও যোগাযোগ	ইন্টারনেট ব্যবহারে	রাজধানী	সকল	সকল গ্রাম

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
	প্রতিবন্ধী ও নারীসহ সর্বস্তরের নাগরিকের জন্য সকল ওয়েবসাইট অভিগম্য করার ব্যবস্থা গ্রহণ করা।	প্রযুক্তি বিভাগ এবং সকল মন্ত্রণালয়বিভাগ।/	সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি হবে এবং ডিজিটাল কমার্স উৎসাহিত হবে।	সহ সকল বিভাগীয় ও জেলা শহর	উপজেলা	
উদ্দেশ্য পণ্য পরিবহন ও সরবরাহের ৯-ক্ষেত্রে প্রয়োজনীয় সমন্বয় ও নীতিগত সহায়তা প্রদান করা						
২৯	ডিজিটাল কমার্স এর পণ্য ক্রেতার নিকট সরবরাহ করা ও সর্বজনীন প্রবেশাধিকার নিশ্চিতকরণে মাঠ পর্যায়ে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করা।	স্থানীয় সরকার বিভাগ।	ডিজিটাল কমার্স খাতের উন্নয়নের অন্যতম উল্লেখযোগ্য উপাদান ডেলিভারি চ্যানেল সৃষ্টির পথ সুগম হবে।	সকল জেলা শহর থেকে উপজেলা সদর	উপজেলা থেকে ইউনিয়ন পর্যায়ে	গ্রাম পর্যায়ে
৩০	ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে পাকা রাস্তা নির্মাণ ও বিদ্যমান রাস্তা টেকসই উপায়ে মেরামত করার দ্রুত ব্যবস্থা গ্রহণ করা।	স্থানীয় সরকার বিভাগ।	ডিজিটাল কমার্স খাতের উন্নয়নের অন্যতম উপাদান ডেলিভারি চ্যানেল সৃষ্টির পথ সুগম হবে এবং ডিজিটাল কমার্স খাত গতিশীল হবে।	সকল জেলা শহর থেকে উপজেলা সদর	ইউনিয়ন পর্যায়ে	গ্রাম পর্যায়ে
৩১	ডিজিটাল কমার্সের মাধ্যমে যেকোনো পণ্য জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কেনাবেচা ও লেনদেনের স্বার্থে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক লজিস্টিক সেবা পদ্ধতির উন্নয়ন সাধনের কার্যকর উদ্যোগ গ্রহণ করা।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	ডিজিটাল কমার্স ব্যবসার প্রসার হবে এবং সহজে ক্রেতার নিকট মালামাল সরবরাহ করা যাবে।	✓	✓	✓
উদ্দেশ্য ১০-আন্তঃসীমান্তডিজিটাল কমার্স পরিচালনার জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা						
৩২	আন্তর্জাতিকডিজিটাল কমার্স ব্যবস্থায় সংযুক্ত হওয়ার জন্য WTO প্রদত্ত ডিজিটাল কমার্স সম্পর্কিত গাইডলাইন পরীক্ষানিরীক্ষা করে তদানুযায়ী - বাংলাদেশের বাণিজ্যসংক্রান্ত নীতিমালা ,আইন ইত্যাদি সংযোজন , পরিবর্ধনের ব্যবস্থা গ্রহণ ,পরিমার্জন করা।	বাণিজ্য মন্ত্রণালয় ,অর্থ বিভাগ ও পররাষ্ট্র মন্ত্রণালয়।	ডিজিটাল কমার্সে আস্থার পরিবেশ সৃষ্টি হবে।	✓	✓	✓
৩৩	WTOকর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা অনুযায়ী ডিজিটাল কমার্সের মাধ্যমে ব্যবসা বাণিজ্য সহজীকরণ এবং- আন্তজার্তিক আঞ্চলিক ,ওঅভ্যন্তরীণ আইনী কাঠামোতে আস্থাজনক লেনদেনের মধ্যে সমতা বিধান নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করা।	বাণিজ্য মন্ত্রণালয়।	ডিজিটাল কমার্সে আস্থার পরিবেশ সৃষ্টি হবে।	✓	✓	✓
৩৪	ডিজিটাল কমার্সের মাধ্যমে সকল	বাংলাদেশ ব্যাংক।	ডিজিটাল লেনদেনে	✓	✓	✓

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
	প্রকার আস্থাশীল লেনদেনের জন্য আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী নিরাপদ ও আস্থাশীল ইপেমেন্ট পদ্ধতি প্রবর্তন - এবং তার গ্রহণযোগ্যতা)Acceptability),গোপণীয়তা (Anonymity),রূপান্তর যোগ্যতা (Convertibility),কার্যকারিতা (Efficiency),সমন্বয় (Integration),কর্মপরিধি (Scalability),আস্থাশীলতা (Reliability)এবং ব্যবহারযোগ্যতা (Usability)নিশ্চিতকরণে কার্যকর উদ্যোগ গ্রহণ করা।		ক্রেতাবিক্রেতা - উৎসাহিত হবে।			
উদ্দেশ্যক্ষুদ্র ও মাঝার ১১-ি উদ্যোক্তাদেরডিজিটাল কমার্স উন্নয়নে একসেস টু ফাইন্যান্স সহজীকরণ						
৩৫	মেট্রোপলিটান শহরের পাশাপাশি অন্যান্য জেলা শহরউপজেলা ও , ইউনিয়ন পর্যায়ের গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে অর্থনৈতিক ও ডিজিটাল সুবিধা সম্পর্কিত বৈষম্য দূর করেনিম্ন আয়ের জন সম্প্রদায়অনগ্রসর জনগোষ্ঠী এবং , -নারীপুরুষ নির্বিশেষে শিক্ষিতস্বল্পশিক্ষিত/ বেকার যুবসম্প্রদায়ের জন্য ডিজিটাল কমার্স ভিত্তিক ডিজিটাল সুবিধা প্রদান করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।	ডিজিটাল বৈষম্য দূরীভূত হবে সারাদেশে ; ডিজিটাল কমার্স ভিত্তিক জ্ঞান সম্প্রসারণ হবে ; সবার জন্য সমানসুযোগ নিশ্চিত হবে।	সকল জেলা শহর	সকল উপজেলা ও ইউনিয়ন	গ্রাম
৩৬	ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কৃষিভিত্তিক পণ্য বিক্রির ডিজিটাল কমার্স প্লাটফর্ম তৈরিরব্যবস্থা গ্রহণ করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ,ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং কৃষি মন্ত্রণালয়।	ক্ষুদ্র উদ্যোক্তাদের পণ্যের বাজারজাত সহজ হবে এবং সারাদেশে ডিজিটাল কমার্স সহায়ক পটভূমি তৈরি হবে।	সকল বিভাগীয় ও জেলা শহর	সকল উপজেলা সদর	সকল ইউনিয়ন
৩৭	কৃষি পণ্যের বাজার সংযোগমূল্য , ,সংযোজনসাপ্লাই চেইন প্রতিষ্ঠা , পণ্যের ,পণ্যের গুণগত মান যাচাই বিক্রেতার -নমুনা বিচ্যুতিকরণে ক্রেতা মধ্যেঅসন্তোষ মীমাংসা এবং পণ্যমূল্য পরিশোধের নিশ্চয়তা প্রদান সংক্রান্ত বিষয়ের মেকানিজম প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা।	বাণিজ্য মন্ত্রণালয় এবং কৃষি মন্ত্রণালয়।	সারাদেশে ডিজিটাল কমার্স সহায়ক পটভূমি তৈরি হবে।	সকল বিভাগীয় ও জেলা শহর	সকল উপজেলা সদর	সকল ইউনিয়ন ও সকল গ্রাম
৩৮	ডিজিটাল কমার্স সম্প্রসারণে নারী উদ্যোক্তাদের বিশেষভাবে সরকারি-বেসরকারি প্রশিক্ষণকেন্দ্র সমূহে বিশেষ কোর্স হিসেবে ডিজিটাল কমার্স	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ডিজিটাল কমার্সএ - নারীদেরঅন্তর্ভুক্তি সহজ হবেনারীদের প্রযুক্তিগত , ও আর্থিক সক্ষমতা	সকল বিভাগীয় শহর	সকল জেলা শহর	উপজেলা ইউনিয়ন , ও গ্রাম

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
	বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা।	বিভাগ।	তৈরি করতে সহায়ক হবে এবং নারীদের জন্য কর্মসংস্থানের নতুন ক্ষেত্র তৈরি হবে।			
৩৯	ডিজিটাল কমার্সেক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ প্রদানেরব্যবস্থা করা।	বাংলাদেশ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশ ঘটবে।	✓	✓	✓
৪০	গ্রামীণ ক্ষুদ্র পর্যায়ের শিল্পের সাথে সম্পৃক্ত উদ্যোক্তাদের আর্থিক প্রণোদনা প্রদানের ব্যবস্থা করা।	অভ্যন্তরীনসম্পদবিভাগ ,অর্থ বিভাগ , আর্থিক প্রতিষ্ঠান বিভাগএবং বাংলাদেশ ব্যাংক।	বাংলাদেশের ডিজিটাল কমার্স খাত এবং ব্যাংকিং ব্যবস্থা দেশের অভ্যন্তরে ও আন্তর্জাতিক পরিমণ্ডলে অধিকতর আস্থাশীল হবে ; বিনিয়োগ উৎসাহিত হবে।	✓	✓	✓
উদ্দেশ্য দেশের ১২-প্রান্তিক পর্যায়ে ডিজিটাল কমার্স প্রসারের লক্ষ্যে প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি করা						
৪১	আইসিটি অবকাঠামোর কাংঙ্খিত উন্নয়ন সাধনের মাধ্যমে সর্বত্র ‘ ’সবার জন্য ইন্টারনেট ,ইন্টারনেট শীর্ষক রূপকল্প যথাসম্ভবদ্রুতবাস্তবায়ন করা।	বাণিজ্য মন্ত্রণালয় , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।	ডিজিটাল কমার্সের আইসিটি উপযোগী পরিবেশ নিশ্চিত হবে ; ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন কাজ ত্বরান্বিত হবে।	সকল জেলা শহর	সকল উপজেলা ও ইউনিয়ন	গ্রাম
৪২	ডিজিটাল কমার্স বিষয়ে জ্ঞান প্রদান ও সচেতনতা বাড়ানোর জন্য সারাদেশে প্রান্তিক পর্যায়ের জনগণের জন্য যথাযথ প্রশিক্ষণ কর্মসূচির উদ্যোগ গ্রহণ করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	ডিজিটাল কমার্স ভিত্তিক দক্ষ জনবল ওউদ্যোক্তা তৈরিতে সমতা বিধান সম্ভবপর হবে।	সকল জেলা শহর	সকল উপজেলা ও ইউনিয়ন	গ্রাম
৪৩	গ্রামীণ স্বল্পশিক্ষিত শিক্ষিত/বেকার যুব সম্প্রদায়ের জন্য (নারী ও প্রতিবন্ধীসহ) খামার ও ,দেশে ও বিদেশে কৃষি অন্যান্য ক্ষুদ্রশিল্পভিত্তিক পণ্যের বাজার তৈরি ও সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করা।	বস্ত্র ও পাট মন্ত্রণালয় কৃষি, মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়।	ডিজিটাল কমার্স ভিত্তিক শিল্প উৎসাহিত হওয়ার মাধ্যমে গ্রামীণ অর্থনীতি চাঙ্গা হবে।	সকল বিভাগ	সকল জেলা	ইউনিয়ন
৪৪	দেশের সকল শোরুম-ধারী কোম্পানিকে গতানুগতিক প্রক্রিয়ায় ব্যবসা পরিচালনার পাশাপাশি ডিজিটাল কমার্স খাতে অংশগ্রহণে উৎসাহিত করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।	বাণিজ্য মন্ত্রণালয়।	ডিজিটাল কমার্স খাতের প্রসার ও উন্নয়ন ত্বরান্বিত হবে।	রাজধানী ও বিভাগীয় শহর পর্যায়	সকল জেলা পর্যায়	সকল উপজেলা ওইউনিয়ন পর্যায়
উদ্দেশ্য ১৩-ডিজিটাল কমার্স এর মাধ্যমে উদ্যোক্তা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা						
৪৫	সারাদেশের মাধ্যমিক বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ,	ডিজিটাল কমার্স ভিত্তিক দক্ষ জনবল গড়ে উঠবে ;	✓	✓	✓

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
	শিক্ষকএবংছাত্রছাত্রীদের বেসিক আইটি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আইসিটি সচেতন জনগোষ্ঠী গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা।	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগএবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	সারাদেশেডিজিটাল কমার্স উদ্যোক্তা তৈরিকরণ প্রক্রিয়া সহজতর হবে এবং দেশব্যাপী অধিকতর কর্মসংস্থান সৃষ্টি হবে।			
৪৬	অধিকসংখ্যক ডিজিটাল কমার্স উদ্যোক্তা গড়ে তোলার কার্যকর ব্যবস্থা গ্রহন করা।	বাণিজ্য মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	ডিজিটাল কমার্স ব্যবসার প্রসার হবে এবং কর্মসংস্থান সৃষ্টির সুযোগ বৃদ্ধি পাবে।	সকল জেলা পর্যায়	সকল উপজেলা পর্যায়	সকল ইউনিয়ন পর্যায়
৪৭	আইসিটি বিষয়ে দক্ষ পেশাজীবী যেমন- কম্পিউটার প্রোগ্রামারওয়েব , ,গ্রাফিক্স ডিজাইনার ,ডেভেলপার ,ডিজিটাল মার্কেটিং বিশেষজ্ঞসাইবার বিশেষজ্ঞ ,সাপ্লাই চেইন ব্যবস্থাপনা বিশেষজ্ঞ ইত্যাদি গড়ে তুলতে উদ্যোগ গ্রহণ করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	অধিক দক্ষ পেশাজীবী ফ্রিল্যান্সার তৈরি হবে এবং অধিক পরিমাণে বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক হবে।	✓	✓	✓
৪৮	যুব উন্নয়নসমবায়সহ সরকারের , সকল প্রকার প্রশিক্ষণ কর্মসূচিতে দেশীয় ওআন্তর্জাতিক বাজার উপযোগী ডিজিটাল কমার্স বিষয়ক কোর্স অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষাবিভাগ যুব ,ও ক্রীড়া মন্ত্রণালয়এবংশ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	দক্ষ মানবসম্পদ গড়ে উঠবে এবং সারাদেশে তৃণমূল পর্যন্তডিজিটাল কমার্স সম্পর্কিত ধারণা সম্প্রসারণ করার প্রক্রিয়া সফল হবে।	রাজধানী সহ বিভাগীয় শহর	জেলা শহর	দেশব্যাপী
৪৯	দেশের সকল পলিটেকনিক ইনস্টিটিউটে ডিজিটাল কমার্সের বিভিন্ন বিষয় যেমন-ডিজিটাল নিরাপত্তাডিজিটাল ,ওয়েব ডিজাইন , মার্কেটিং ইত্যাদি বিষয়ক শর্ট কোর্স ও ডিপ্লোমা কোর্স চালু করা।	কারিগরিওমাদ্রাসাশিক্ষাবিভাগএবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	দক্ষ মানবসম্পদ গড়ে উঠবে এবং সারাদেশেতৃণমূল পর্যন্তডিজিটাল কমার্স সম্পর্কিত ধারণা সম্প্রসারণ করার প্রক্রিয়া সফল হবে।	✓	✓	✓
৫০	সারাদেশের গ্রাম ও মফস্বল শহরে ক্ষুদ্র ও মাঝারি পর্যায়ের শিল্প বিকাশকে উৎসাহিত করার মাধ্যমে তা ডিজিটাল কমার্স খাতে অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনীয় আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ , অভ্যন্তরীনসম্পদবিভাগ , আর্থিক প্রতিষ্ঠান বিভাগএবং বাংলাদেশ ব্যাংক।	প্রান্তিক পর্যায়ে ডিজিটাল কমার্স ভোক্তা ও ব্যবসায়ী উদ্যোক্তা তৈরি হবে।	ঢাকা বিভাগ	সকল বিভাগ	সারাদেশ
উদ্দেশ্য ১৪-আন্তর্জাতিক পরিমন্ডলে দেশীয় পণ্যের প্রচার ও প্রসার করা						
৫১	বিদেশী বিনিয়োগকারীদের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন এবং ওয়ার্ক পারমিটের ব্যবস্থাকরণ।	পররাষ্ট্র মন্ত্রণালয় , বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এবং বাণিজ্য মন্ত্রণালয়।	বিদেশী বিনিয়োগকারীগণ বিনিয়োগে স্বাচ্ছন্দ্য বোধ করবে এবং বিভিন্ন	দক্ষিণ এশিয়া ও এশিয়া-প্যাসিফিক	এশিয়া অঞ্চলের অন্যান্য দেশসমূহ	নিষিদ্ধ দেশ ব্যতীত বিশ্বের

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
			সেক্টরে বিনিয়োগে অধিকতর আগ্রহী হয়ে উঠবে।	অঞ্চলের দেশসমূহ		সকল দেশসমূহ
৫২	বিদেশী বিনিয়োগকারী অথবা বিনিয়োগ করতে ইচ্ছুক ব্যবসায়ীদের জন্য ইভিসা প্রদান ও নবায়ন পদ্ধতি - প্রচলন করারদ্রুত ব্যবস্থা গ্রহণ করা।	সুরক্ষা সেবা বিভাগ,পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ।	বিদেশী বিনিয়োগকারীগণ স্বাচ্ছন্দ্য বোধ করবে এবং বিভিন্ন সেক্টরে বিনিয়োগে অধিকতর আগ্রহী হয়ে উঠবে।	✓	✓	✓
৫৩	অনলাইনে টিআইএনভ্যাট , রেজিস্ট্রেশনসহ আয়কর রিটার্ন দাখিল করা এবং অনলাইনে বিল অব এক্সপোর্ট দাখিলের ব্যবস্থাকরণ /এন্ট্রি সম্পর্কিতসিদ্ধান্তবাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিতকরণ।	অভ্যন্তরীনসম্পদবিভাগএবং জাতীয় রাজস্ব বোর্ড।	বিদেশী বিনিয়োগকারীগণ স্বাচ্ছন্দ্য বোধ করবে এবং বিভিন্ন সেক্টরে বিনিয়োগে অধিকতর আগ্রহী হয়ে উঠবে।	✓	✓	✓
৫৪	আয়করকাস্টমস ডিউটি ,ভ্যাট , ইত্যাদি অনলাইনে প্রদান সম্পর্কিত সিদ্ধান্তবাস্তবায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার ব্যবস্থা গ্রহণ করা।	জাতীয় রাজস্ব বোর্ড।	বিদেশী বিনিয়োগকারীগণ স্বাচ্ছন্দ্য বোধ করবে এবং বিভিন্ন সেক্টরে বিনিয়োগে অধিকতর আগ্রহী হয়ে উঠবে।	✓	✓	✓
৫৫	অনলাইনে কাস্টমস ক্লিয়ারেন্স ও ওয়্যারহাউসের সাথে তথ্যের সমন্বয় সাধন করা।	জাতীয় রাজস্ব বোর্ড।	ডিজিটাল কমার্স খাত আস্থাশীল হবে এবং ভোক্তা অসন্তোষ নিরসন হবে।	✓	✓	✓
৫৬	ডিজিটাল কমার্স ব্যবসায়ীদের জন্য হাইইলেক্ট্রনিক পার্কে /টেক পার্ক-বিনিয়োগের সুযোগ রাখা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	দেশের আইসিটি খাতের উন্নয়ন ত্বরান্বিত হবে।	✓	✓	✓
৫৭	ডিজিটাল কমার্স খাতের কর্মকান্ড সম্পর্কিত প্রচারণা সকল প্রকার ইলেক্ট্রনিক্স ও প্রিন্ট মিডিয়াতে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং তথ্য মন্ত্রণালয়।	ডিজিটাল কমার্স খাত সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবেঅযাচিত আতঙ্ক , দূরীভূত হবে এবং ডিজিটাল কমার্স উদ্যোক্তা সৃষ্টি হওয়ার সুযোগ তৈরি হবে।	সকল ইলেক্ট্রনিক মিডিয়া	সকল প্রিন্ট মিডিয়া	সকল মিডিয়া
৫৮	অনলাইনে কাস্টমস শুল্ক ও অন্যান্য ফি প্রদান এবং দ্রুত পণ্য খালাসের প্রক্রিয়া সহজীকরণ করতে সংশ্লিষ্ট আইনী অবকাঠামোতে প্রয়োজনীয় সংশোধন , সংযোজন ও পরিমার্জন করা।	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং জাতীয় রাজস্ব বোর্ড।	বাংলাদেশের ডিজিটাল কমার্স খাত অভ্যন্তরীণ বাজার ও আন্তর্জাতিক পরিমন্ডলে অধিকতর আস্থাশীল হবেরাজস্ব ; আদায় স্বচ্ছ হবে এবং বৃদ্ধি পাবে।	✓	✓	✓
৫৯	অভ্যন্তরীণ ও বিশ্ববাজারে পণ্য ও সেবা	বাণিজ্য মন্ত্রণালয়এবং	ডিজিটাল কমার্স খাত	✓	✓	✓

ক্রমিক নং	করণীয়বিষয়বস্তু	প্রাথমিক বাস্তবায়নকারী	প্রত্যাশিতফলাফল	স্বল্প-মেয়াদী	মধ্য-মেয়াদী	দীর্ঘ-মেয়াদী
	চাহিদা মেটাতেবৈদ ,েশিক বাণিজ্য হতে আয় বাড়াতে এবং বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করতে ডিজিটাল কমার্সের মাধ্যমে সকল প্রকারের পণ্য ও সেবা আমদানি ও রফতানিবিষয়ক কর্মকান্ডডিজিটাল কমার্সের আওতাভুক্তকরণ।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।	অধিকতর সম্প্রসারিত ও বিকশিত হবে।			
৬০	জাতীয় ও আন্তর্জাতিকপরিমন্ডলে কার্যকর ও প্রতিযোগিতামূলক লজিস্টিক পরিবেশ যুগোপযোগীকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগবেসামরিক , বিমান ও পর্যটন নৌপরিবহন ,মন্ত্রণালয় মন্ত্রণালয়যোগাযোগ , মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়।	ডিজিটাল কমার্স খাত গতিশীলতা পাবে ; ব্যবসায়ী ও ভোক্তা অসন্তোষ হ্রাস পাবে ; ডিজিটাল কমার্সেরকাংঙ্খিত লক্ষ্য ও উদ্দেশ্য পূরণ সম্ভবপর হবে।	✓	✓	✓
৬১	সকলবাণিজ্যকেডিজিটালবাণিজ্যেরুপান্তর।	সকলমন্ত্রণালয়, বিভাগওবাণিজ্যসংগঠন।	ডিজিটালসভ্যতাগড়েওঠবে।	✓	✓	✓